গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১ তলা)
১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

পুঁজিবাজারের সম্মানিত বিনিয়োগকরীদের জন্য জরুরী জ্ঞাতব্য বিষয়

- পুঁজিবাজারে বিনিয়োগ একটি সুচিন্তিত, পরিকল্পিত ও বিশ্লেষণধর্মী বিনিয়োগের ক্ষেত্র।
- পুঁজিবাজারে বিনিয়োগে লাভের সুযোগ যেমন আছে, আবার ক্ষতির ঝুঁকিও তেমনি আছে।
- কোম্পানীর/ফান্ডের অতীত, বর্তমান ও আর্থিক ফলাফল/অবস্থা, ভবিষ্যত সম্ভাবনা ইত্যাদি নিবিড়ভাবে বিশ্লেষণ পূর্বক বিনিয়োগ করা অত্যাবশ্যক।
- বিনিয়োগের পূর্বে পুঁজিবাজারের বিভিন্নদিক, বিষয় ও খুটিনাটি সম্পর্কে পর্যাপ্ত তথ্য ও জ্ঞান অর্জন করা অত্যাবশ্যক।
- বিনিয়োগের সময় কোম্পানীর/ফান্ডের নিরীক্ষিত আয় ব্যয় সহ সার্বিক আর্থিক অবস্থা সম্পর্কিত সর্বজনবিদিত ও সর্বস্বীকৃত কতিপয় মানদন্ড/তথ্য, যথা Price Earning (P/E) Ratio, Earning Per Share (EPS), Dividend Yield, Net Asset Value (NAV), Cash Flow Per Share প্রভৃতি অনুসরণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা সর্বোত্তম।
- যথাযথ বিশ্লেষণ ও পরীক্ষা-নিরীক্ষা ছাড়া পুঁজিবাজারে বিনিয়োগ করলে বিনিয়োগে ঝুঁকি অনেক বৃদ্ধি পায়।
- সিকিউরিটিজ আইন, এসইসি'র নোটিফিকেশন, ডাইরেক্টিভ, গাইডলাইন, স্টক এক্সচেঞ্জের কার্যক্রম ইত্যাদি বিষয়ে সম্যক ধারণা রাখা প্রয়োজন।
- কোনক্রমেই গুজবের ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা উচিত নয়।
- এমনকি গুজব রটানোও আইনানুগভাবে নিষিদ্ধ।
- সম্মানিত বিনিয়োগকারীদের জন্য এসইসি প্রতি মাসে দুটি করে ইনভেষ্টরস্ এডুকেশন প্রোগ্রাম পরিচালিত করে আসছে যেখানে বিনিয়োগকারীরা বিনা খরচে অংশ গ্রহণ করতে পারেন। মার্চেন্ট ব্যাংকগুলিও প্রতিমাসে দুটি করে এধরণের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করছে। এছাড়া স্টক এক্সচেঞ্জসমূহ সময় সময় এধরণের কর্মসূচি পরিচালিত করে থাকে। এসকল কর্মসূচীতে বিনিয়োগকারীগণকে অংশগ্রহণ করে পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত জ্ঞান আহরণ করার পরামর্শ দেয়া যাচ্ছে।
- মনে রাখতে হবে, বিনিয়োগ থেকে লাভ বা লোকসান যাই হোক্ তা প্রকৃতপক্ষে আপনারই। তাই জ্ঞান ভিত্তিক এবং মৌল ভিত্তি অনুযায়ী সুবিবেচিত বিনিয়োগ সিদ্ধান্তই হতে পারে আপনার প্রকৃত সহায়ক।

ফোন (পিএবিএক্স) : ৮৮ ০২ ৯৫৬৮১০১-২, ৮৮ ০২ ৯৫৬১৫২৫, ফ্যাক্স : ৮৮ ০২ ৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.secbd.org